



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd

নং - ৪৭.৬২.০০০০.৯৭০.০০.৮৮০.০৯৩.১২-০৮

তারিখঃ ০১/০১/২০১৯ খ্রি:।

বিষয়ঃ ২০১৬-১৭ ও ২০১৭-১৮ অর্থ বছরের নিরীক্ষাকরণ।

সূত্রঃ নং - ৪৭.৬২.০০০০.৯৭০.০০.৮৮০.০৯৩.১২-৩৬৭ তারিখঃ ২০/১২/২০১৮ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রকল্পের ২০১৬-১৭ ও ২০১৭-১৮ অর্থ বছরের নিরীক্ষা স্থানীয় ও রাজস্ব অধিদপ্তর কর্তৃক জানুয়ারী/২০১৯ মাসে আরম্ভ হওয়া বিষয়টি বর্নিত স্বারকে সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হয়েছে। নিরীক্ষা দলের নিকট প্রকল্পের লেনদেনসহ সার্বিক কার্যক্রমের প্রমানক উপস্থাপন করতে হবে। নিরীক্ষাকালে প্রকল্প কার্যক্রমের সঠিক প্রমানক উপস্থাপনের লক্ষ্যে নিম্নবর্নিত নির্দেশনা প্রদান করা হলো:

১। নিরীক্ষাদল প্রকল্পে যাবতীয় আর্থিক লেনদেনের হিসাব সরেজমিনে জেলা/উপজেলা দপ্তরে নিরীক্ষা করবেন মর্মে জানিয়েছেন বিধায় বিল ভাউচার, শর্টশীট, নগদান বহি, সাধারণ খতিয়ান, অগ্রিম খতিয়ান, কর্জের খতিয়ান, মজুদ রেজিস্টার, লগবহি, মাসিক ও বার্ষিক জমা খরচ হিসাব ইত্যাদি হালনাগাদ থাকতে হবে।

২। ২০১৬-১৭ ও ২০১৭-১৮ অর্থ বছরের মাসিক ও প্রকল্পের একিভূত বার্ষিক জমা খরচ হিসাব প্রস্তুত করতে হবে যার সমাপনী স্থিতি ব্যাংক স্থিতির সাথে মিল থাকবে এবং প্রমানক হিসেবে ব্যাংক স্টেটমেন্ট সংযুক্ত থাকবে।

৪। নিরীক্ষা কার্যক্রম পরিচালনা ও সম্পন্ন করার জন্য এ সংক্রান্ত দিন তারিখ অতি শিগগই টেলিফোনে অবহিত করা হবে।

৫। জরুরী ও গুরুত্বপূর্ণ বিবেচনা করে প্রকল্পের ২০১৬-১৭ ও ২০১৭-১৮ অর্থ বছরের নিরীক্ষার সার্বিক কার্যক্রম যেন সঠিকভাবে উপস্থাপন হয় সে লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে সচেতন থাকার জন্য পরামর্শ দেয়া হলো

১। উপ পরিচালক(জেলা দপ্তর), প্রকল্পভুক্ত সকল,বিআরডিবি।

২। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, প্রকল্পভুক্ত সকল,বিআরডিবি।

(প্রকৌশলী মোঃ রাশেদুল আলম)
প্রকল্প পরিচালক (IRESPPW)
বিআরডিবি, ঢাকা।
ফোন নং-০২-৮১৮০১৪৪

সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। উপপ্রকল্প পরিচালক, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (পত্রের নির্দেশনা বাস্তবায়ন নিশ্চিতকরণের জন্য)।

২। প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।

৩। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।

৪। অফিস কপি।